একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nbr.gov.bd
(কাস্টমস ও ভ্যাট প্রশাসন-২, শাখা)

স্মারক নম্বরঃ ০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫/১১

তারিখঃ ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাঃ / ২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

**বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর অধিক্ষেত্র ও সীমানা নির্ধারণ সংক্রান্ত।**

সূত্র নং-১। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০১২.০৮.০০১.১৭(অংশ), তারিখঃ-১৭ /১১/২০২৪ খ্রি.।
২। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০১২.০৮.০০১.১৭.১০, তারিখঃ-০৪ /১২/২০২৫ খ্রি.।
৩। অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং -০৮.০০.০০০০.০২৭.২৮.০৪৩.১৯.১০৮, তারিখঃ-১৮ /১১/২০২৫ খ্রি ।
৪। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫, তারিখঃ-২২ /১২/২০২৫ খ্রি.।
৫। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং -০৭.০০.০০০০.১৫১.২৮.০০২.২৩(অংশ-১)-৩৬৮, তারিখঃ-২৪ /১২/২০২৫ খ্রি.।
৬। জাতীয় রাজস্ব বোর্ডের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভার পত্র নং-০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫/৭৬, তারিখঃ- ১৬/০৪/২০২৬ খ্রি.।
৭। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা(পশ্চিম), ঢাকা এর পত্র নং- ২-২(২২২) জনপ্রশা:/পুনর্গঠন ও সম্প্রসারণ/২০১৮/৯২৯, তারিখ:-৩১/০৩/২০২৬ খ্রি.।
৮। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর পত্র নং-৪(৬)৮০৫-মৃ:নী:/জারাবো পত্রালাপ/২০২০/৯০, তারিখ: ০৫/০৪/২০২৬ খ্রি.।
৯। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর পত্র নং-৪(৬)৮০৫-মৃ:নী:/জারাবো পত্রালাপ/২০২০/৯৬ তারিখ: ১২/০৪/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর অধিক্ষেত্র ও সীমানা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা**

**ভ্যাট বিভাগীয় দপ্তরসমূহ:**

(১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সেগুনবাগিচা বিভাগ
(২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মতিঝিল বিভাগ
(৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধানমন্ডি বিভাগ
(৪) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, লালবাগ বিভাগ
(৫) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কোতোয়ালী বিভাগ
(৬) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মুন্সীগঞ্জ বিভাগ
(৭) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কেরাণীগঞ্জ বিভাগ
(৮) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গজারিয়া বিভাগ

**কাস্টমস সংক্রান্ত অধিক্ষেত্র:**

(১) কাস্টমস হাউসের (যদি থাকে) অধিক্ষেত্র ব্যতীত কমিশনারেটের অধিক্ষেত্রের আওতাভুক্ত অন্যান্য এলাকা ।
(২) কমিশনারেটের অধিক্ষেত্রের আওতাভুক্ত কাস্টমস স্টেশন, কাস্টমস গুদাম, আন্তর্জাতিক চেকপোস্ট, ডিউটি ফ্রি শপ, নৌ-রুট, কাস্টমস করিডোর (যদি থাকে)।

**ভ্যাট বিভাগীয় দপ্তরসমূহের অধীন সার্কেল অফিসসমূহের অধিক্ষেত্র ও সীমানা:**

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সেগুনবাগিচা বিভাগ | ১. সেগুনবাগিচা সার্কেল | উত্তরে: শান্তিনগর মোড় হতে বেইলী রোড হয়ে অফিসার্স ক্লাবের মোড় এবং সেখান থেকে<br>মগবাজার মোড় হয়ে বাংলামোটর মোড় পর্যন্ত।<br>দক্ষিণে: পুরানা পল্টন মোড় হতে প্রেস ক্লাব হয়ে শাহবাগ মোড় পর্যন্ত।<br>পূর্বে: পুরানা পল্টন মোড় হতে বিজয়নগর মোড় হয়ে শান্তিনগর মোড় পর্যন্ত।<br>পশ্চিমে: বাংলামোটর মোড় হতে শাহবাগ মোড় পর্যন্ত। |
| | ২. সিদ্ধেশ্বরী সার্কেল | উত্তরে: সার্ক ফোয়ারা থেকে এফডিসি সংলগ্ন শহীদ তাজউদ্দিন আহমদ সরণিস্থ ক্রসিং হয়ে বেগুনবাড়ী ঝিলের উপর নতুন রাস্তা ধরে রামপুরা ব্রিজ পর্যন্ত। |

CamScanner

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | দক্ষিণে: শান্তিনগর মোড় হতে বেইলী রোড হয়ে অফিসার্স ক্লাবের মোড় এবং সেখান থেকে মগবাজার মোড় হয়ে বাংলামোটর মোড় পর্যন্ত।<br>পূর্বে: শান্তিনগর মোড় হতে মালিবাগ মোড় হয়ে মৌচাক মোড় এবং সেখান থেকে ডিআইটি রোড ধরে রামপুরা ব্রিজ পর্যন্ত।<br>পশ্চিমে: বাংলামোটর মোড় থেকে সার্ক ফোয়ারা পর্যন্ত। |
| | ৩. ফুলবাড়িয়া সার্কেল | উত্তরে: জাতীয় ঈদগাহ মোড় থেকে দৈনিক বাংলা মোড় পর্যন্ত।<br>দক্ষিণে: চাঁনখারপুল পেট্রোল পাম্প থেকে আনন্দ বাজার, বঙ্গবাজার হয়ে ঢাকা ট্রেড সেন্টার এর শেষ প্রান্ত পর্যন্ত।<br>পূর্বে: দৈনিক বাংলা মোড় থেকে বঙ্গভবনের পশ্চিম প্রান্ত হয়ে ঢাকা ট্রেড সেন্টার পর্যন্ত।<br>পশ্চিমে: প্রেস ক্লাব হতে শাহবাগ মোড় হয়ে টিএসসি, সেখান থেকে দোয়েল চত্বর হয়ে চাঁনখারপুল পেট্রোল পাম্প পর্যন্ত। |
| | ৪. পল্টন সার্কেল | উত্তরে: রাজারবাগ পুলিশ লাইন মোড় হতে শান্তিনগর মোড় পর্যন্ত।<br>দক্ষিণে: পুরানা পল্টন মোড় হতে দৈনিক বাংলা মোড় পর্যন্ত।<br>পূর্বে: দৈনিক বাংলা মোড় হতে ফকিরাপুল মোড় হয়ে রাজারবাগ পুলিশ লাইন মোড় পর্যন্ত।<br>পশ্চিমে: শান্তিনগর মোড় হতে কাকরাইল মোড় হয়ে বিজয়নগর মোড় এবং সেখান থেকে পুরানা পল্টন মোড় পর্যন্ত। |
| (২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মতিঝিল বিভাগ | ১.মতিঝিল সার্কেল | উত্তরে: কমলাপুর বিআরটিসি বাস ডিপো সংলগ্ন স্টেশন রোডের মোড় হতে আরামবাগ হয়ে বাংলাদেশ ব্যাংক এর সামনের শাপলা চত্বর এবং সেখান থেকে দৈনিক বাংলা মোড় পর্যন্ত।<br>দক্ষিণে: বঙ্গভবন হতে আর. কে. মিশন রোড হয়ে সায়েদাবাদ কমলাপুর সংযোগ সড়ক পর্যন্ত।<br>পূর্বে: সায়দাবাদ কমলাপুর সংযোগ সড়ক হতে কমলাপুর স্টেশন রোড হয়ে বিআরটিসি বাস ডিপো সংলগ্ন স্টেশন রোডের মোড় পর্যন্ত।<br>পশ্চিমে: দৈনিক বাংলা মোড় হতে হয়ে বঙ্গভবনের দক্ষিণ-পশ্চিম প্রান্ত পর্যন্ত। |
| | ২.রাজারবাগ সার্কেল | উত্তরে: মালিবাগ রেলগেট হতে বিশ্বরোড হয়ে বাসাবো সেখান থেকে নন্দীপাড়া গুদারাঘাট এবং<br>সেখান থেকে বালু নদীর পাড় পর্যন্ত।<br>দক্ষিণে: শান্তিনগর মোড় হতে রাজারবাগ পুলিশ লাইন মোড় হয়ে শহীদবাগ মোড় এবং সেখান থেকে কমলাপুর স্টেশন রোড হয়ে মানিকনগর মোড় পর্যন্ত।<br>পূর্বে: মানিকনগর মোড় হতে মুগদা মান্ডা হয়ে নন্দীপাড়া, সেখান থেকে নেওয়াজবাগ, শেখেরটেক ত্রিমোহনী গুদারাঘাট এবং সেখান থেকে বালু নদীর পাড় পর্যন্ত।<br>পশ্চিমে: মালিবাগ রেলগেট হতে মৌচাক মোড় এবং সেখান থেকে মালিবাগ মোড় হয়ে শান্তিনগর মোড় পর্যন্ত। |
| | ৩. আরামবাগ সার্কেল | উত্তরে: শহীদবাগ মোড় হতে পীরজঙ্গি মাজার হয়ে কমলাপুর বিআরটিসি বাস ডিপো সংলগ্ন স্টেশন রোডের মোড় পর্যন্ত।<br>দক্ষিণে: দৈনিক বাংলা মোড় হতে বাংলাদেশ ব্যাংক এর সামনের শাপলা চত্বর পর্যন্ত।<br>পূর্বে: মতিঝিল শাপলা চত্বর হতে নটরডেম কলেজ হয়ে বিআরটিসি বাস ডিপো সংলগ্ন স্টেশন রোডের মোড় পর্যন্ত।<br>পশ্চিমে: দৈনিক বাংলা মোড়। হতে ফকিরাপুল হয়ে শহীদবাগ মোড় পর্যন্ত। |
| | ৪. রামপুরা সার্কেল | উত্তরে: রামপুরা ব্রিজ হতে বনশ্রী সংলগ্ন রামপুরা খাল হয়ে পূর্ব দিকে মেরাদিয়া হাট রোড এর শেষ প্রান্ত পর্যন্ত।<br>দক্ষিণে: মালিবাগ রেলক্রসিং হতে বিশ্ব রোড হয়ে খিলগাঁও ফ্লাইওভার এবং সেখান থেকে দক্ষিণ গোড়ান হয়ে নন্দীপাড়া রোড পর্যন্ত।<br>পূর্বে: মেরাদিয়া হাট রোড এর শেষ প্রান্ত হতে দক্ষিণ বনশ্রী এবং সেখান থেকে নন্দীপাড়া রোড পর্যন্ত।<br>পশ্চিমে: মালিবাগ রেলক্রসিং হতে ডিআইটি রোড ধরে রামপুরা ব্রিজ পর্যন্ত। |

CamScanner

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধানমন্ডি বিভাগ | **১. ধানমন্ডি সার্কেল** | **মিরপুর রোডস্থ ধানমন্ডি ২ নং সড়কের সংযোগস্থল হতে মিরপুর রোড হয়ে উত্তর দিকে ধানমন্ডি ১৬ নং (পুরাতন ২৭ নং) রোডের সংযোগস্থল (রোপা প্লাজার মোড় পর্যন্ত), সেখান থেকে ধানমন্ডি ১৬ নং (পুরাতন ২৭ নং) ও সাত মসজিদ রোড এর সংযোগস্থল পর্যন্ত, সেখান থেকে সাত মসজিদ রোড হয়ে ধানমন্ডি ২ নং সড়ক ও মিরপুর রোডের সংযোগস্থল এর মধ্যবর্তী এলাকা।** |
| | **২. রায়ের বাজার সার্কেল** | **ধানমন্ডি ২৭ নং রোড ও মিরপুর রোডের সংযোগস্থল হতে শুরু করে আসাদগেট, সেখান থেকে পশ্চিম দিকে আসাদ এভিনিউ এর দক্ষিণাংশ। সায়েন্স ল্যাবরেটরি মোড় থেকে মিরপুর রোড হয়ে নীলক্ষেত-নিউমার্কেট মোড় হয়ে পশ্চিমে বিজিবি ৩ নং গেটকে উত্তর পাশে রেখে মনেশ্বর রোডের উত্তর পাশ হয়ে বসিলা মৌজার সীমানা পর্যন্ত (বুড়িগঙ্গা নদীর তীর পর্যন্ত), সেখান থেকে বুড়িগঙ্গা নদীর তীর ধরে বসিলা ব্রিজ পর্যন্ত, সেখান থেকে আল্লাহ করিম মসজিদকে ডানে রেখে সাতমসজিদ রোড ধরে বিজিবি ১ নং গেটকে ডানে রেখে ধানমন্ডি ২ নং রোড হয়ে মিরপুর রোডের সংযোগস্থল এর মধ্যবর্তী এলাকা।** |
| | ৩. কাঁঠাল বাগান সার্কেল | সার্ক ফোয়ারা হতে সোনারগাঁও রোড ধরে পান্থপথ সিগন্যাল পর্যন্ত, সেখান থেকে গ্রীন রোড ধরে সায়েন্স ল্যাব পর্যন্ত, সেখান থেকে এলিফ্যান্ট রোড হয়ে শাহবাগ মোড় পর্যন্ত এবং শাহবাগ মোড় হতে সার্ক ফোয়ারা এর মধ্যবর্তী এলাকা। |
| | ৪. নীলক্ষেত সার্কেল | সায়েন্স ল্যাবরেটরী মোড় হতে মিরপুর রোড হয়ে আজিমপুর মোড় পর্যন্ত। আজিমপুর মোড় হতে পলাশী মোড় হয়ে প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও ঢাকা মেডিক্যাল কলেজকে বামে রেখে চানখারপুল, সেখান থেকে দোয়েল চত্বর হয়ে টিএসসি, সেখান থেকে শাহবাগ মোড় হয়ে এলিফ্যান্ট রোড ধরে সায়েন্স ল্যাবরেটরীর মোড়। |
| (৪) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, লালবাগ বিভাগ | ১. আজিমপুর সার্কেল | উত্তরে: নীলক্ষেত-নিউমার্কেট মোড় হতে বিজিবি ৩ নং গেট (বিজিবি সদর দপ্তরসহ), সেখান থেকে মনেশ্বর রোড দিয়ে ঝিগাতলা মোড় এবং সেখান থেকে সনাতন গড়ের শেষ প্রান্ত বেড়িবাঁধ পর্যন্ত।<br>দক্ষিণে: আমলিগোলা বালুর ঘাট হতে জিএম শাহ রোড, সেখান থেকে কেল্লার মোড় টেম্পুস্ট্যান্ড হয়ে জগন্নাথ সাহা রোডের শেষ প্রান্ত পর্যন্ত।<br>পূর্বে: জগন্নাথ সাহা রোডের শেষ প্রান্ত হতে লাল রোড হয়ে লালবাগ চৌরাস্তা, সেখান থেকে ঢাকেশ্বরী রোড হয়ে পলাশীর মোড় এবং সেখান থেকে আজিমপুর বাসস্ট্যান্ড হয়ে নীলক্ষেত-নিউমার্কেট মোড় পর্যন্ত।<br>পশ্চিমে: সনাতন গড়ের শেষ প্রান্ত হতে বেড়িবাঁধ হয়ে আমলিগোলা বালুর ঘাট পর্যন্ত। |
| | **২. ইমামগঞ্জ সার্কেল** | **উত্তরে: বাবুবাজার ব্রিজ হতে মিটফোর্ড রোড হয়ে ওয়াটার ওয়ার্কস রোড, সেখান থেকে পোস্তা রোড হয়ে লালবাগ শাহী মসজিদ পযর্ন্ত, সেখান থেকে কাজী রিয়াজউদ্দীন রোড, সেখান থেকে লালবাগ কেল্লার মোড় হয়ে জি এন সাহা রোড এবং সেখান থেকে আমলিগোলা বালুর ঘাট পর্যন্ত (রাস্তার দক্ষিণ পাশ)**<br>**পশ্চিম-দক্ষিণে: আমলিগোলা বালুর ঘাট হতে বুড়িগঙ্গা শাখা নদী পার হয়ে বেড়িবাঁধ দিয়ে বাদামতলী ঘাটের শেষ পর্যন্ত।**<br>**পূর্বে: বাদামতলী ঘাট হতে মিটফোর্ড রোড হয়ে বাবুবাজার ব্রিজ পর্যন্ত।** |
| | ৩. কামরাঙ্গীর চর সার্কেল | কামরাঙ্গীরচর থানার সম্পূর্ণ ভৌগোলিক এলাকা এবং হাজী সালাম সর্দার রোড (শিকদার মেডিকেল কলেজের দক্ষিণ অংশ)। |
| (৫) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কোতোয়ালী বিভাগ | ১. আরমানিটোলা সার্কেল | উত্তরে: বংশাল রোড (নবাবপুর রোডের সংযোগস্থল হতে ফ্রেঞ্চ রোড পর্যন্ত)।<br>দক্ষিণে: বুড়িগঙ্গা নদী (বুড়িগঙ্গা ব্রিজ হতে সদরঘাট টার্মিনালের শেষ প্রান্ত পর্যন্ত)।<br>পূর্বে: নবাবপুর রোড (বংশাল রোডের সংযোগস্থল হতে দক্ষিণ দিকে জনসন রোড, চিত্ত রঞ্জন এভিনিউ, সদরঘাট হয়ে বুড়িগঙ্গা নদী পর্যন্ত)।<br>পশ্চিমে: ফ্রেঞ্চ রোড (বংশাল রোডের সংযোগস্থল হতে নবাব ইউসুফ রোড সংযোগ পর্যন্ত), নবাব ইউসুফ রোড হতে (ফ্রেঞ্চ রোডের সংযোগস্থল হতে) আকমল খান রোড হয়ে বুড়িগঙ্গা নদী পর্যন্ত। |

CamScanner

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | ২. বংশাল সার্কেল | উত্তরে: জহির রায়হান রোড (নবাবপুর রোডের সংযোগস্থল হতে নাজিম উদ্দিন রোডের সংযোগস্থল পর্যন্ত)।<br>দক্ষিণে: আগা সাদেক রোড (নাজিম উদ্দিন রোডের সংযোগস্থল হতে হাজী আব্দুল মাজেদ সরদার রোডের সংযোগস্থল পর্যন্ত), হাজী আব্দুল মাজেদ সরদার রোড (আলাউদ্দিন রোডের সংযোগস্থল পর্যন্ত), বংশাল রোড (ফ্রেঞ্চ রোড সংযোগস্থল হয়ে নবাবপুর রোড পর্যন্ত)।<br>পূর্বে: নবাবপুর রোড (বংশাল রোডের সংযোগস্থল হতে উত্তর দিকে জহির রায়হান রোডের সংযোগস্থল পর্যন্ত।<br>পশ্চিমে: নাজিম উদ্দিন রোড (জহির রায়হান রোডের সংযোগস্থল হতে আগা সাদেক রোডের সংযোগস্থল পর্যন্ত)। |
| | ৩. চকবাজার সার্কেল | উত্তরে: আগা সাদেক রোড (নাজিম উদ্দিন রোডের সংযোগস্থল হতে হাজী আব্দুল মাজেদ সরদার রোডের সংযোগস্থল পর্যন্ত), হাজী আব্দুল মাজেদ রোড (আগা সাদেক রোডের সংযোগস্থল হতে হাজী আলাউদ্দিন রোডের সংযোগস্থল পর্যন্ত)।<br>দক্ষিণে: বিরেন বোস রোড (পূর্ব চক সার্কুলার রোডের সংযোগস্থল হতে পূর্ব দিকে মিটফোর্ড রোড (নবাব ইউসুফ রোডের সংযোগস্থল পর্যন্ত)।<br>পূর্বে: ফ্রেঞ্চ রোড (হাজী আব্দুল মাজেদ সরদার রোডের সংযোগস্থল হতে নবাব ইউসুফ রোডের সংযোগস্থল পর্যন্ত), নবাব ইউসুফ রোড (ফ্রেঞ্চ রোডের সংযোগস্থল হতে আকমল হোসেন রোড ও মিটফোর্ড রোডের সংযোগস্থল পর্যন্ত)।<br>পশ্চিমে: নাজিম উদ্দিন রোড (আগা সাদেক রোডের সংযোগস্থল হতে আবুল হাসনাত রোডের সংযোগস্থল পর্যন্ত), জেলখানা রোড (আবুল হাসনাত রোডের সংযোগস্থল হতে চক সার্কুলার রোড পর্যন্ত), পূর্ব চক সার্কুলার রোড (জেলখানা রোডের সংযোগস্থল হতে বিরেন বোস রোডের সংযোগস্থল পর্যন্ত)। |
| | ৪. বকশি বাজার সার্কেল | উত্তরে: জহির রায়হান রোড (নাজিম উদ্দিন রোডের সংযোগস্থল হতে ঢাকেশ্বরী রোডের সংযোগস্থল পর্যন্ত)।<br>দক্ষিণে: বিরেন বোস রোড (পূর্ব চক সার্কুলার রোডের সংযোগস্থল হতে পশ্চিমে ওয়াটার ওয়ার্কর্স রোডের পোস্তার মোড় পর্যন্ত)।<br>পূর্বে: নাজিম উদ্দিন রোড (জহির রায়হান রোডের সংযোগস্থল হতে আবুল হাসনাত রোডের সংযোগস্থল পর্যন্ত), জেলখানা রোড (আবুল হাসনাত রোডের সংযোগস্থল হতে চক সার্কুলার রোড পর্যন্ত), পূর্ব চক সার্কুলার রোড (জেলখানা রোডের সংযোগস্থল হতে বিরেন বোস রোডের সংযোগস্থল পর্যন্ত)।<br>পশ্চিমে: ঢাকেশ্বরী রোড (পলাশীর মোড় হতে পোস্তার মোড় পর্যন্ত)। |
| (৬) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মুন্সীগঞ্জ বিভাগ | ১. মুন্সীগঞ্জ সার্কেল | মুন্সীগঞ্জ সিভিল জেলা শহর ও মুন্সীগঞ্জ সদর উপজেলার ভৌগোলিক এলাকা। |
| | ২. শ্রীনগর সার্কেল | মুন্সীগঞ্জ সিভিল জেলার শ্রীনগর উপজেলা ও লৌহজং উপজেলার ভৌগোলিক এলাকা। |
| | ৩. সিরাজদিখান সার্কেল | মুন্সীগঞ্জ সিভিল জেলার সিরাজদিখান উপজেলা ও ট◌ংগিবাড়ী উপজেলার ভৌগোলিক এলাকা। |
| (৭) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কেরাণীগঞ্জ বিভাগ | ১. কেরাণীগঞ্জ সার্কেল | ঢাকা সিভিল জেলার কেরাণীগঞ্জ উপজেলার কালিন্দি, বাস্তা, শাক্তা, রহিতপুর, হযরতপুর, তারানগর ও কলাতিয়া ইউনিয়নসমূহের ভৌগোলিক এলাকা। |
| | ২. হাসনাবাদ সার্কেল | ঢাকা সিভিল জেলার কেরাণীগঞ্জ উপজেলার তেঘরিয়া, কোন্ডা, আগানগর, জিনজিরা ও শুভাড্ডা ইউনিয়নসমূহের ভৌগোলিক এলাকা। |
| | ৩. নবাবগঞ্জ সার্কেল | ঢাকা সিভিল জেলার নবাবগঞ্জ উপজেলা এবং দোহার উপজেলার ভৌগোলিক এলাকা। |
| (৮) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গজারিয়া বিভাগ | ১. গজারিয়া সার্কেল -১ | মুন্সীগঞ্জ সিভিল জেলার গজারিয়া উপজেলার হোসেন্দী, বালুয়াকান্দি, টেংগারচর ও গজারিয়া ইউনিয়ন পরিষদের ভৌগোলিক এলাকা। |

CamScanner

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | ২. গজারিয়া সার্কেল -২ | মুন্সীগঞ্জ সিভিল জেলার গজারিয়া উপজেলার ভবের চর, বাউশিয়া, গুয়াগাছিয়া ও ইমামপুর ইউনিয়ন পরিষদের ভৌগোলিক এলাকা। |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ মোয়াজ্জেম হোসেন)
সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

প্রাপক
কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা ।

স্মারক নম্বরঃ ০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫/১১

তারিখঃ ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি/কাস্টমস ও ভ্যাট প্রশাসন/কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য/কাস্টমস রপ্তানি, বন্ড ও আইটি/মূসক নীতি/মূসক নিরীক্ষা/মূসক বাস্তবায়ন ও আইটি/বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
০৪। স্থায়ী প্রতিনিধি, ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন, ব্রাসেলস, বেলজিয়াম।
০৫। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও/ আইসিডি, চট্টগ্রাম/ভোমরা, সাতক্ষীরা।
০৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ভ্যাট ও কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব) ঢাকা (পশ্চিম), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/যশোর/রংপুর/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/গাজীপুর/নারায়ণগঞ্জ/কক্সবাজার/ইকোনমিক জোন, ঢাকা।
০৭। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ), ঢাকা/চট্টগ্রাম।
০৮। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
০৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
১০। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/ কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রথম সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১৫। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৬। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। অফিস কপি।

২৭/০১/২০২৬
(মোঃ নূরুল আমীন)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-২)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

CamScanner